

নির্বাহী প্রকৌশলীর কার্যালয় গণপূর্ত ই/এম এম আই এম বিভাগ-২, ঢাকা।			
ডায়েরী নং- ১৫৪		তারিখঃ- ১৫/৪/২৪	
অঃ সঃ		সঃ প্রঃ	
সঃ প্রঃ		নিঃ প্রঃ	

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
হিসাব শাখা-১
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
www.pwd.gov.bd

স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.২০.০১৭.২১.১৭৫

তারিখ: ১৮ চৈত্র ১৪৩০

০১ এপ্রিল ২০২৪

বিষয়: গণপূর্ত অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন "ঢাকার গুলশান, ধানমন্ডি ও মোহাম্মদপুরে ২০টি পরিত্যক্ত বাড়ীতে ৩৯৮টি (সংশোধিত ৩১১টি) সরকারী আবাসিক ফ্ল্যাট নির্মাণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের (প্রকল্প কোড নং-২২৪০৩০৯০০) অনুকূলে চলতি ২০২৩-২০২৪ আর্থিক সালে ৩য় কিস্তির অর্থ বরাদ্দ।

উপর্যুক্ত বিষয়ে বর্ণিত প্রকল্পের কাজে চলতি ২০২৩-২০২৪ আর্থিক সালে খরচ করার জন্য মূলধন খাতে ৩য় কিস্তি বাবদ ৪৫০.০০ লক্ষ (চার কোটি পঞ্চাশ লক্ষ) টাকা নিম্নবর্ণিত বিভাজন মোতাবেক বরাদ্দ প্রদান করা হলোঃ

গণপূর্ত সার্কেল	গণপূর্ত বিভাগ	কিস্তির নাম	কোড/খাতের বিবরণ		অর্থ বরাদ্দ (লক্ষ টাকা)		
			কোড নং	খাতের নাম	রাজস্ব	মূলধন	মোট
গণপূর্ত রক্ষণাবেক্ষণ সার্কেল, ঢাকা	গণপূর্ত রক্ষণাবেক্ষণ বিভাগ, ঢাকা	৩য় কিস্তি	৪১১১১০১	আবাসিক ভবন	--	৩৭৫.০০	৩৭৫.০০
গণপূর্ত ই/এম সার্কেল-১, ঢাকা	গণপূর্ত ই/এম বিভাগ-২, ঢাকা		৪১১২৩০৩	বৈদ্যুতিক সরঞ্জাম	--	৭৫.০০	৭৫.০০
সর্বমোট=					--	৪৫০.০০	৪৫০.০০

উক্ত খরচ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত রক্ষণাবেক্ষণ সার্কেল, ঢাকা ও প্রকল্প পরিচালক এর স্মারক নং/১৩৮/১(১০) তারিখ-৩০/০১/২০২৪খ্রিঃ এর দ্বারা মঞ্জুরীকৃত মোট= ৪৫০.০০ লক্ষ টাকা উন্নয়ন বাজেটের মঞ্জুরী নং-২৯, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের হিসাবের কোড নং-৫-১৩২০৫-২২৪০৩০৯০০-৪১১১১০১ ও ৪১১২৩০৩ খাতসমূহে ২০২৩-২০২৪ আর্থিক সালের এডিপিতে বরাদ্দকৃত অর্থ হতে সংকুলান/বহন করতে হবে। উক্ত অর্থ প্রাপ্তির সাথে সাথে অর্থ প্রাপ্তির স্বীকৃতি প্রদান করতে হবে।

উক্ত অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান, নিয়মাচার যথাযথভাবে পর্যবেক্ষন/ পালন পূর্বক খরচ করতঃ এ অধিদপ্তরকে অবহিত করতে অনুরোধ করা যাচ্ছে। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ আবশ্যিকভাবে অনুসরণ করতে হবেঃ

শর্তঃ

ক) বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে Public Procurement Act (PPA)-2006 এবং Public Procurement Rules (PPR)-2008 (সর্বশেষ সংশোধনীসহ) এবং প্রচলিত আর্থিক বিধি- বিধান ও অন্যান্য নিয়মাবলী যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

খ) বরাদ্দকৃত অর্থ অনুমোদিত ডিপিপি অংগভিত্তিক বরাদ্দ অনুযায়ী ব্যয় করতে হবে।

গ) উপরোক্ত অর্থ শুধু বরাদ্দের অংক নির্দেশ করে (শুল্ক ও মূল্য সংযোজন কর এবং পুনর্ভরযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ টাকা এই অংকের বর্হিত)।

ঘ) অর্থ ব্যয়/ কাজের বিল পরিশোধের ক্ষেত্রে কোন অনিয়ম উদ্ঘাটিত হলে বিল পরিশোধকারী দায়ী থাকবে।

ঙ) চলতি আর্থিক সালে বরাদ্দকৃত অর্থ খরচ করতে হবে এবং খরচের হিসাব এ দপ্তরে দাখিল করতে হবে।